
# রোকেয়ার আদর্শে নতুন বাংলাদেশ গড়ার আহ্বান: প্রধান উপদেষ্টার



সংগৃহীত ছবি

রোকেয়ার চিন্তাভাবনা ও আদর্শকে কেন্দ্র করে নতুন বাংলাদেশ গঠনে সকলে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস।

আজ মঙ্গলবার (৯ ডিসেম্বর) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে বেগম রোকেয়া দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি বলেন, "রোকেয়ার দর্শন আমাদের সমাজের ভিত্তি হতে পারে, আর সেই দর্শন বাস্তবায়নের মধ্য দিয়েই আমরা নতুন দিশা দেখাতে পারি।"

'আমিই রোকেয়া' শিরোনামে এবারও সরকারিভাবে পালিত হয়েছে রোকেয়া দিবস। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আয়োজনে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. ইউনূস। অনুষ্ঠানে তিনি মন্ত্রণালয়ের নাম পরিবর্তন করে 'নারী ও শিশু মন্ত্রণালয়' করার ঘোষণা দেন।

এ বছর নারী জাগরণের বিভিন্ন ক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতি হিসেবে চারজন নারী 'রোকেয়া পদক' লাভ করেছেন। তারা হলেন: নারী শিক্ষা গবেষক ড. রুভানা রাকিব, নারী অধিকারে কল্পনা আক্তার, মানবাধিকারে ড. নাবিলা ইদ্রিস এবং নারী জাগরণের ক্ষেত্রে ফুটবলার ঋতুপর্ণা চাকমা। প্রধান উপদেষ্টা তাদের হাতে পদক তুলে দেন।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, "বেগম রোকেয়া আমাদের সমাজ গঠনের জন্য যে আদর্শ স্থাপন করেছিলেন, পুরস্কারপ্রাপ্ত নারীরা সেই পথেই আমাদের এগিয়ে নিয়ে যাবেন। তারা রোকেয়ার সোনালী স্বপ্ন বাস্তবায়নে অনুপ্রেরণা হিসেবে কাজ করবেন।"